

স্মারক নং আসকক-২০২২/

তারিখঃ ১৯/০৯/২০২২ খ্রি.

**২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত, অনিয়মিত ও গ্রেডউন্নয়ন
পরীক্ষার্থীদের ফরম পূরণের বিজ্ঞপ্তি**

বিভাগ	তারিখ
ব্যবস্থাপনা (নিয়মিত)	২৬/০৯/২০২২
ব্যবস্থাপনা (অনিয়মিত ও মানউন্নয়ন)	২৭/০৯/২০২২
মার্কেটিং (নিয়মিত, অনিয়মিত ও মানউন্নয়ন)	২৮/০৯/২০২২
হিসাববিজ্ঞান (নিয়মিত)	২৮/০৯/২০২২
হিসাববিজ্ঞান (অনিয়মিত ও মানউন্নয়ন)	২৯/০৯/২০২২
ফিন্যান্স এন্ড ব্যাংকিং (নিয়মিত, অনিয়মিত ও মানউন্নয়ন)	২৯/০৯/২০২২

নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য প্রদেয় ফিস :

ক) বিশ্ববিদ্যালয়ের অংশ

ক্রমিক নং	খাত	নিয়মিত	অনিয়মিত	মানউন্নয়ন
০১	পরীক্ষা ফিস (বিশ্ববিদ্যালয়) ২৫০ x ৭	১,৭৫০/-	১,৭৫০/-	প্রতি পত্র ২৫০/হারে
০২	ইনকোর্স ফি (বিশ্ববিদ্যালয়)	১০০/-	১০০/-	-
০৩	বিশেষ অন্তর্ভুক্ত ফি (গ্রেড উন্নয়ন/অনিয়মিত পরীক্ষার্থীর জন্য পত্র প্রতি ফি এর অতিরিক্ত) প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ে জমা হবে	-	৩০০/-	৩০০/-
খ) কলেজের অংশ		১,৮৫০/-	-	-
ডাউনলোডকৃত ফরমের উল্লেখিত টাকা এবং নিম্ন লিখিত কলেজের টাকা				
০৪	বেতন (সরকারি)	৩০০/-	৩০০/-	-
০৫	কেন্দ্র ফি	৪৫০/-	৪৫০/-	৪৫০/-
০৬	সেশন চার্জ	১,৮০৫/-	-	-
০৭	নির্বাচনী পরীক্ষা	৩৫০/-	-	-
০৮	ইনকোর্স পরীক্ষা	২০০/-	-	-
০৯	ব্যবস্থাপনা ফি	৫০/-	৫০/-	৫০/-
১০	সোনালী সেবা	৫/-	৫/-	৫/-
খ) কলেজের অংশ		৩১৬০/-	৮০৫/-	৫০৫/-
মোট টাকা (ক+খ)		৫,০১০/-	-	-

বিঃদ্রঃ ১। বিগত বছরে অনার্স ২য় বর্ষের যারা ফরম পূরণ করেনি তারা নির্বাচনী পরীক্ষার ফি বাবদ ৩৫০/- জমা দিতে হবে।

২। ফরম পূরণের টাকা কলেজের বেসিক ব্যাংক কাউন্টারে জমা দিতে হবে।

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

নিয়মিত

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল শিক্ষার্থী যারা ২০২০ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়েছে তারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় নিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত

২০১৬-২০১৭, ২০১৭-২০১৮ এবং ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে যে সকল শিক্ষার্থী অনার্স ১ম বর্ষ পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসাবে ২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীগণ পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সে পরীক্ষা অংশগ্রহণ করতে পারবে না। তবে যারা ২০২০ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে C বা D গ্রেড পেয়েছে শুধুমাত্র তারা ২০২১ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং F গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন

- ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের যেসব শিক্ষার্থী ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থী শুধুমাত্র C বা D গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- যে সকল শিক্ষার্থী ২০১৭, ২০১৮, ২০১৯ ও ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২১ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদ সাপেক্ষে) অবশ্যই ঘনতম D গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।
- ২০২০ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C-Promoted প্রাপ্ত শিক্ষার্থীদের অনুপস্থিত ০১টি কোর্সে ২০২১ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় শর্ত সাপেক্ষে দেওয়া Promotion বাতিল হয়ে যাবে।
- অনুপস্থিত বা F গ্রেড প্রাপ্ত কোর্সে পরবর্তী বছর C বা D গ্রেড পেলে সে কোর্সে আর মান উন্নয়ন পরীক্ষার সুযোগ পাবে না। সকল বর্ষের পরীক্ষা শেষে CGPA নির্ধারিত হলে কোন মান উন্নয়ন বা গ্রেড উন্নয়ন পরীক্ষার সুযোগ থাকবে না।
- ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের অনার্স ৩য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৪র্থ বর্ষে Promoted ও ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে Promoted শিক্ষার্থীগণ শুধুমাত্র F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।
- ব্যবহারিক ও ইনকোর্স পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

পরীক্ষার্থীদের করণীয় :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (<http://nubd.info/fomfillup/>) এ গিয়ে শিক্ষার্থীগণ সঠিক পত্রকোডসহ যথাযথ ভাবে আবেদন ফরম পূরণ করবে এবং ডাউনলোড করে নির্ধারিত ফিস সংশ্লিষ্ট কলেজের ব-ব বিভাগে জমা দিবে।
- অনলাইনে আবেদন ফরম পূরণ করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত পত্রকোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে।
- আবেদন ফরম পূরণে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম পূরণ করতে হবে।
- পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।
- আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজের নির্দেশনা অনুযায়ী ব-ব বিভাগে জমা দিতে হবে।

প্রতিস্থাপক
অধ্যক্ষ
আয়ম খান সরকারি কমার্স কলেজ
খুলনা
২২/০৯/২২

আহবায়ক
আয়ম খান সরকারি কমার্স কলেজ, খুলনা
২২/০৯/২২